

# লাভজনক খামার ব্যবস্থাপনায় বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপ্লিকেশনের ব্যবহার বিধি




মহিষ উন্নয়ন প্রকল্প
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

# মুখবন্ধ

বর্তমান প্রেক্ষাপটে গ্রামীণ সমাজে খামারীদের অর্থনৈতিক উন্নয়নে প্রাণী পালনের একটি উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। লাভজনকভাবে প্রাণী উৎপাদন নির্ভর করে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর। যার মধ্যে খাদ্য ব্যায় অন্যতম। প্রাণীর দেহের পুষ্টির চাহিদার পরিমাণ সঠিকভাবে নিরুপন, চাহিদা অনুসারে খাদ্য সরবরাহ এবং ঘাস জাতীয় খাদ্য চাষের জন্য বার্ষিক পরিকল্পনা প্রণয়ন খামারীদের জন্য কষ্টসাধ্য কাজ। উল্লেখিত বিষয়গুলো বিবেচনা পূর্বক খামারীদের সহজ সমাধান প্রদান কল্পে মহিষ উন্নয়ন প্রকল্পের অধীনে গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে 'বিএলআরআই ফিডমাস্টার এ্যানড্রয়েড অ্যাপ্লিকেশন' উদ্ভাবন করা হয়েছে। যা মোবাইলের মাধ্যমে প্রাণীর বয়স, লিঙ্গ এবং উৎপাদন অবস্থার ওপর ভিত্তি করে খাদ্য সরবরাহের দিক নির্দেশনা দিতে পারে। একই সাথে বিজ্ঞানভিত্তিক গৃহ নির্মাণ, ওজন অনুসারে ঔষধ প্রয়োগ, সঠিক সময়ে টিকা প্রদানসহ প্রাণী পালনের মৌলিক বিষয়গুলি বাস্তবায়নে খামারীদেরকে দিক নির্দেশনা দিতে পারে। এছাড়া, উক্ত অ্যাপ্লিকেশনটিতে জরুরি যোগাযোগ অপশনটিও অন্তর্ভূক্ত করা হয়েছে যা বিজ্ঞানী ও খামারীদের মধ্যে একটি সেতু বন্ধন হিসেবে কাজ করবে। একই সাথে খামারীরা সহজেই সমস্যার ধরণ অনুযায়ী বিজ্ঞানীদের সাথে যোগাযোগ করে সমাধানে সহায়তা নিতে পারবে। বর্তমান সরকারের রূপকল্প ২০২১ গড়ার লক্ষ্যে অ্যাপ্লিকেশনটি সহায়ক হিসেবে কাজ করবে। একইভাবে তরুণ সমাজ ও নারী জনগোষ্ঠীকে প্রাণী পালনে অধিক আগ্রহী করার মধ্য দিয়ে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দেশে দুধ ও মাংসের চাহিদা পূরণে সহায়ক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**ড. তালুকদার নূরুন্নাহার**
মহাপরিচালক

# লাভজনক খামার ব্যবস্থাপনায় বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপ্লিকেশনের ব্যবহার বিধি

**প্রধান গবেষণা সমন্বয়কারী**

ড. তালুকদার নূরুন্নাহার

**গবেষণা ও রচনায়**

মোঃ আহসানুল কবির

মোঃ ফয়জুল হোসাইন মিরাজ

**পান্ডুলিপি সম্পাদনা**

আমিনুল ইসলাম

**প্রকাশকাল** ঃ জুন, ২০১৬ খ্রিঃ

বি এল আর আই প্রকাশনা নং- ২৭২

প্রথম সংস্করণ ঃ ১০০০ (এক হাজার) কপি

প্রকাশনায় ঃ

প্রকল্প পরিচালক

মহিষ উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

ফোন ঃ ৭৭৯১৬৭০-২, ফ্যাক্স ঃ ৭৭৯১৬৭৫

বি এল আর আই কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

# লাভজনক খামার ব্যবস্থাপনায় বিএলআরআই ফিডমাস্টার মোবাইল অ্যাপ্লিকেশনের ব্যবহার বিধি

অতি প্রাচীনকাল থেকে প্রাণী পালন ও উৎপাদন সামাজিক মর্যাদার একটি মানদন্ড হিসেবে প্রচলিত ছিল। সে সময়ে মানুষ কেবল শখের বশে অথবা চাষাবাদের জন্য কিংবা পরিবারের আমিষের চাহিদা পুরনের জন্য প্রাণী পালন করত। সেখানে লাভ ক্ষতির বিষয়টা বিবেচনার বাইরে থাকত। কিন্তু বর্তমান কালের খামারীরা এই ধারণা থেকে বেরিয়ে এসে কম খরচে লাভজনক ভাবে অধিক উৎপাদনশীল প্রাণী পালনে আগ্রহী হচ্ছে। লাভজনক প্রাণী উৎপাদন অনেকগুলো বিষয়ের উপর নির্ভরশীল এবং খাদ্য খরচ এদের মধ্যে অন্যতম। যেহেতু, খাদ্য খরচ মোট উৎপাদন খরচের প্রায় ৬০ থেকে ৭০ ভাগ সেক্ষেত্রে প্রাণীর লিঙ্গ, বয়স, উৎপাদন অবস্থার সাথে সামঞ্জস্য রেখে কম খরচে সঠিক পুষ্টিমান সমৃদ্ধ খাদ্য প্রস্তুত করলে তা একদিকে যেমন প্রাণীর দৈহিক চাহিদা মেটাবে তেমনি খামারীরা আর্থিক ভাবে লাভবান হবে। খামারীদের প্রাণী দেহের পুষ্টির চাহিদা নিরুপন করা, চাহিদা অনুসারে খাদ্য সরবরাহ করা এবং ঘাসজাতীয় খাদ্য চাষের জন্য বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা কষ্টসাধ্য কাজ। কারণ, উক্ত বিষয়ে তাঁদের বিজ্ঞানসম্মত জ্ঞানের অভাব রয়েছে। মহিষ উন্নয়ন প্রকল্পের অধীনে গবেষণা কার্যক্রম পরিচালনা করে 'বিএলআরআই ফিডমাষ্টার এ্যানড্রয়েড অ্যাপ্লিকেশন' উদ্ভাবন করা হয়েছে যা প্রাণীর বয়স, লিঙ্গ এবং উৎপাদন অবস্থার ওপর ভিত্তি করে খাদ্য সরবরাহের দিক নির্দেশনা দিতে পারে। সেই সাথে বিজ্ঞানভিত্তিক গৃহ নির্মাণ, ওজন অনুসারে ঔষধ প্রয়োগ, সঠিক সময়ে টিকা প্রদানসহ প্রাণী পালনের মৌলিক বিষয়গুলো খামারীদেরকে অবহিত করতে পারে। মোবাইল অ্যাপ্লিকেশনটি গরু এবং মহিষ উভয়ের ক্ষেত্রেই ব্যবহার যোগ্য।

## সুবিধা

- বিএলআরআই ফিডমাস্টার একটি এ্যানড্রয়েড মোবাইল অ্যাপ্লিকেশন। তাই সাশ্রয়ী হিসাবে অ্যাপ্লিকেশনটি যেকোন এ্যানড্রয়েড মোবাইলে ব্যবহার করা যায়।
- এর মাধ্যমে অতি অল্প সময়ে বয়স, লিঙ্গ এবং উৎপাদন অবস্থার উপর ভিত্তি করে থাম্বরুল অনুসারে প্রাণির পুষ্টির চাহিদা পূরণের জন্য দানাদার খাদ্য সরবরাহের পরিমাণ নির্ধারণ করা যায়।


- অ্যাপ্লিকেশনটি প্রাণির দৈনন্দিন প্রয়োজনীয় সবুজ ঘাসের পরিমাণ নির্ধারণের পাশাপাশি খামারীদের মাসিক এবং বাৎসরিক ঘাস উৎপাদন পরিকল্পনা প্রনয়নে নির্দেশনা প্রদান করতে পারে।
- প্রাণির চিকিৎসার ক্ষেত্রে ওজনের ওপর ভিত্তি করে ঔষধের মাত্রা নির্ণয়ে পশু ডাক্তারদের সহযোগিতা করতে পারে।
- অ্যাপ্লিকেশনটিতে প্রাণির টিকাদান সংক্রান্ত দিক নির্দেশনা ও স্বয়ংক্রিয় এ্যালার্ম ব্যাবস্থাপনা সংযোজন রয়েছে। ফলে, খামারীরা সঠিক সময়ে সঠিক পদ্ধতিতে টিকা প্রদান করতে পারে এবং খামারে রোগের প্রাদুর্ভাব কমাতে পারে।
- উক্ত অ্যাপ্লিকেশনে বিএলআরআই কতৃক উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি ও প্রাণী পালনের বিভিন্ন দিকনির্দেশনা ই-বুক আকারে বাংলায় সংযোজিত রয়েছে। সেইসাথে নতুন উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কিত তথ্য খামারীদের কাছে পৌঁছানোর ব্যবস্থা রয়েছে।

## ব্যবহার বিধি


**রেশনঃ** রেশন অপশনের মাধ্যমে প্রাণির চাহিদা অনুসারে খাদ্যের পরিমাণ নির্ণয় করা যায়। এখানে রেশন তৈরির জন্য প্রয়োজনীয় নির্দেশনা (ওজন) দুই পদ্ধতিতে দেওয়ার ব্যবস্থা রয়েছে (ওজন স্কেল এবং ফিতা)। সাধারণত খামারীদের ওজন দেওয়ার জন্য ওজন স্কেল এর ব্যবস্থা থাকে না। উক্ত অবস্থা বিবেচনা করে চাহিদা অনুসারে রেশন তৈরির জন্য ফিতা অপশন দেওয়া হয়েছে। ফলে, খামারীরা বুকের মাপ ও দৈর্ঘ্যের মাধ্যমে ওজন ইনপুট দিতে পারবে। এই অ্যাপসটি ব্যবহার করে দুই ধরণের রেশন তৈরি করা যায়। একটি বাড়ন্ত এবং ষাঁড়ের জন্য (মোটাতাজাকরণের ক্ষেত্রে ব্যবহৃত) অপরটি দুধাল, গর্ভবতী এবং শুষ্ক প্রাণির জন্য। প্রথম রেশনে ১৯.৬% সিপি এবং ১১.১১ মেগা জুল বিপাকীয় শক্তি/কেজি ডিএম রয়েছে এবং দ্বিতীয় রেশনে ১৭.২২% সিপি এবং ১১.৬৭ মেগা জুল বিপাকীয় শক্তি/কেজি ডিএম রয়েছে (ফিড পিডিয়া অনুসারে)। সেই সাথে দ্বিতীয় রেশনে দুধ উৎপাদনের বিভিন্ন পর্যায় এবং ৬ মাসের অধিক গর্ভাবস্থা বিবেচনা করে সম্পূরক রেশনের ব্যবস্থা রয়েছে। অ্যাপ্সটি সাপ্তাহিক, মাসিক ও বাৎসরিক খাদ্যের প্রয়োজনীয়তা নির্ণয়ের সাথে সাথে দৈনিক আঁশ জাতীয় খাদ্যের এবং চাহিদা পূরণের জন্য বার্ষিক ঘাষ উৎপাদন পরিকল্পনা সম্পর্কে ধারণা দিতে পারে।

## সচিত্র ব্যবহার পদ্ধতি


মোবাইল অ্যাপ্‌সটি ইংরেজি ও বাংলা দুই ভাষাতেই তৈরি করা হয়েছে। ব্যবহারকারী তাঁর পছন্দমত ভাষা নির্বাচন করে ব্যবহার করতে পারবেন। ভাষা নির্বাচেনের পর প্রথমে রেশন অপশনটি নির্বাচন করে বাড়ন্ত ও প্রাপ্ত বয়স্ক প্রাণীর সংখ্যা নির্ধারিত ঘরে বসাতে হবে। ওজন স্কেল ও ফিতা উভয় পদ্ধতির মাধ্যমে ওজন নির্ণয় করা যায়। প্রাণীর সংখ্যা বিবেচনায় ওজন দুইভাবে নেয়া যায়; প্রত্যেকটির আলাদাভাবে অথবা একটির সাপেক্ষে গড় ওজন। ওজন স্কেলে কেজিতে ওজন দিতে হবে কিন্তু ফিতায় বুকের মাপ ও দৈর্ঘ্য ইঞ্চিতে দিতে হবে। ওজন দেওয়ার পর বাড়ন্ত প্রাণীর ক্ষেত্রে সরাসরি দানাদার খাদ্য ও ঘাস জাতীয় খাদ্যের পরিমাণ নির্ণয় করা যায়। কিন্তু প্রাপ্ত বয়স্ক প্রাণীর ক্ষেত্রে উৎপাদন অবস্থার তথ্য প্রদান সাপেক্ষে দানাদার ও ঘাষ জাতীয় খাদ্যের পরিমাণ নির্ণয় করা যায়। দৈনিক খাদ্য সরবরাহের পাশাপাশি এর মাধ্যমে খামারের সাপ্তাহিক, মাসিক ও বাৎসরিক কি পরিমান খাদ্য সরবরাহ করতে হবে তার প্রাক্কলিত মূল্যসহ খামারীদের ধারণা দিতে পারে। ঘাস জাতীয় খাদ্য অপশনটি নির্বাচন করার ফলে বিভিন্ন উন্নত মানের ঘাস (যেমন- ভুট্টা, জাম্বু, জার্মান, ওট ও নেপিয়ার) প্রতিদিন কি পরিমাণ সরবরাহ করতে হবে, উক্ত পরিমাণ ঘাস (এক মাস) সরবরাহ করার জন্য কি পরিমাণ জমি চাষ করা প্রয়োজন, কি পরিমাণ বীজ কাটিং এর প্রয়োজন এবং কি পরিমাণ সারের প্রয়োজন তা সহজেই নির্ণয় করা যায়। বার্ষিক ঘাস উৎপাদন পরিকল্পনা অপশনের মাধ্যমে এক বছরে খামারে ঘাসের চাহিদা পূরণের জন্য কি পরিমাণ জমি চাষ করা প্রয়োজন এবং উক্ত জমিতে কখন কি ঘাস লাগানো দরকার তার দিক নির্দেশনা রয়েছে।




(১) রেশন অপশনটি নির্বাচন করতে হবে




(২) প্রাণীর সংখ্যা এবং ওজন পদ্ধতি নির্বাচন করতে হবে



(৩) ওজন স্কেলে প্রত্যেকটির আলাদা ভাবে নির্বাচন করলে আলাদা ভাবে কেজিতে ওজন দিতে হবে




(৩) ফিতায় প্রত্যেকটি আলাদাভাবে নির্বাচন করলে আলাদাভাবে বুকের মাপ ও দৈর্ঘ্য ইঞ্চিতে দিতে হবে




(৪) ফিতায় একটির সাপেক্ষে নির্বাচন করলে গড় ওজন দিতে হবে



(৪) ওজন স্কেলে একটির সাপেক্ষে নির্বাচন করলে গড় ওজন দিতে হবে



(৫) প্রাপ্ত বয়স্ক প্রাণী নির্বাচন করলে উৎপাদন অবস্থা সর্ম্পকিত তথ্য যেমন, দুধাল প্রাণীর সংখ্যা, গড় দুধ উৎপাদন, গর্ভবতী প্রাণীর সংখ্যা শুন্য স্থানে বসাতে হবে




(৬) কোন অপশনটি দেখতে চান তা নির্বাচন করতে হবে




(৭) দানাদার খাদ্য নির্বাচন করলে একদিনে দানাদার খাদ্যের মিশ্রণ সম্পর্কিত তথ্য দেখা যাবে। সাপ্তাহিক, মাসিক, বাৎসরিক দানাদার খাদ্যের মিশ্রণ সম্পর্কিত তথ্য জানতে ওপরের অপশন নির্বাচন করতে হবে



(৮) প্রতি কেজি দানাদার খাদ্যের দাম বসালে খাদ্য খরচ সম্পর্কিত তথ্য জানা যাবে




(৯) ঘাস জাতীয় খাদ্য নির্বাচন করলে ঘাস সম্পর্কিত তথ্য জানা যাবে




(১০) বার্ষিক ঘাস উৎপাদন পরিকল্পনা নির্বাচন করলে পরিকল্পনা অনুসারে জমির বিন্যাস এবং উক্ত জমিতে ঘাস উৎপাদনের তথ্য পাওয়া যাবে

## রেশন অ্যাপ্সটি ব্যবহারের সুবিধা

প্রাণীর উৎপাদন অবস্থা পরীবর্তনশীল। প্রাণীর পরিবর্তনশীল উৎপাদন অবস্থার সাথে সামঞ্জস্য বজায় রেখে উক্ত অ্যাপ্সটি প্রাণীর রেশন তৈরি করে। যেমন: প্রাণীর দুধ উৎপাদন অবস্থা পরিবর্তনশীল; ফলে, প্রাণী বিভিন্ন পরিমাণ দুধ উৎপাদন অবস্থায় বিভিন্ন ধরণের রেশনের প্রয়োজন হয়। অ্যাপ্সটি উৎপাদনের ভিন্নতা অনুসারে রেশন তৈরি করে খামারীদের লাভবান করবে।

## বাসস্থান




(১) বাসস্থান অপশনটি নির্বাচন করতে হবে

বিজ্ঞান ভিত্তিক বাসস্থান অধিক লাভজনক গবাদী-প্রাণী পালনের পূর্বশর্ত। এই অ্যাপ্সটি বাসস্থান এর জন্য জায়গা নির্বাচন এবং বাসস্থান তৈরির মডেল সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান করতে পারে।



(২) বাসস্থান সম্পর্কিত তথ্য স্লাইডিং এর মাধ্যমে দেখা যাবে

## ওজন

ওজন অপশনের মাধ্যমে গবাদি প্রাণীর বুকের মাপ ও দৈর্ঘ্যের মাপের মাধ্যমে ওজন নির্ণয় করা যায়।


## ওজনের ব্যবহার

১। গবাদি প্রণীর চিকিৎসা প্রদানের জন্য ওজনের ওপর ভিত্তি করে ওষুধ প্রয়োগ করতে হয়। এই অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে সহজে ওজন নির্ণয় করা যায়।


২। গবাদি প্রাণীর বিক্রি বা ক্রয়ের জন্য ওজন নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বিষয় যা এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে সহজে নির্ণয় করা যায়।

## ওজন নির্ণয়ের সচিত্র বর্ণনা

একটি ফিতার সাহায্যে বুকের বেড় চিত্র অনুসারে ইঞ্চিতে মাপতে হবে এবং শূণ্য স্থানে বসাতে হবে। বুকের বেড় মাপার পর দৈর্ঘ্য চিত্র অনুসারে মাপতে হবে এবং শূণ্য স্থানে বসিয়ে চাপুন অপশনের মাধ্যমে ওজন নির্ণয় করা যাবে।




(১) ওজন অপশনটি নির্বাচন করতে হবে




(২) চিত্র অনুসারে বুকের মাপ ও দৈর্ঘ ইঞ্চিতে শূন্যস্থানে লিখে চাপুন চাপলে প্রাণীর ওজন জানা যাবে

## টিকার এলার্ম


শুধু পুষ্টিকর খাবার দিলেই খামারে লাভবান হওয়া যায় না। খামারে রোগের প্রাদুর্ভাব কমানোর জন্য খামারে রোগ প্রবেশের আগে সঠিক সময়ে সঠিক টিকা প্রদান করা প্রয়োজন। রোগের প্রতিকার, রোগের চিকিৎসা থেকে উত্তম। কোন প্রাণী রোগাক্রান্ত হলে তার চিকিৎসার জন্য প্রচুর ব্যয় হয়, তাছাড়া প্রাণীটি সুস্থ্য হওয়ার পরে পূর্ব উৎপাদন অবস্থায় সহজে ফিরে আসতে পারে না। ফলে, খামারী আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। সঠিক সময়ে সঠিক পদ্ধতিতে টিকা প্রয়োগ করলে খামারে রোগের প্রাদুর্ভাব কমিয়ে খামারীরা অধিক লাভবান হতে পারে। টিকা প্রদানের পাশাপাশি কৃমিনাশক ঔষধ প্রয়োগের জন্যও মোবাইল অ্যাপ্লিকেশনটি খামারীদের দিক নির্দেশনা প্রদান করতে পারে।

## ব্যবহার পদ্ধতি


টিকার এলার্ম অপশনটির উপরের দিকে চালু এবং বন্ধ অপশন রয়েছে। চালু অপশনটির মাধ্যমে টিকার এলার্মটি স্বয়ংক্রিয়ভাবে চালু করা যাবে। এই অপশনটি চালু থাকলে ক্ষুদ্র বার্তার মাধ্যমে বিনা খরচে খামারী জানতে পারবে তার গবাদি প্রাণীর জন্য কখন কি টিকা এবং কৃমিনাশক ঔষধ প্রয়োগ করতে করতে হবে। তালিকার নিচে টিকা প্রদানের পদ্ধতি ও সতর্কতার বার্তা রয়েছে। খামারীরা সেটি অনুসরণ করে সঠিক পদ্ধতিতে টিকা প্রদান করতে পারবে।




(১) টিকার এলার্ম অপশনটি নির্বাচন করতে হবে



(২) অপশনটি নির্বাচনের পর চালু নির্বাচনের মাধ্যমে সয়ংক্রিয় ভাবে এলার্মটি চালু করা যায়




(৩) সঠিকভাবে ভ্যাকসিন প্রয়োগের জন্য ভ্যাকসিনেশন সিডিউল এবং ভ্যাকসিন প্রয়োগ পদ্ধতি সম্পর্কিত দিক নির্দেশনা স্লাইডিং এর মাধ্যমে দেখা যায়


## বই


বিএলআরআই ফিডমাস্টার অ্যাপ্লিকেশনের বই অংশে খামারীদের প্রাণীপালন, উচ্চ ফলনশীল ঘাসের চাষ পদ্ধতি, প্রাণীখাদ্য প্রক্রিয়াজাতকরণ, প্রাণীর সাধারণ রোগ ও প্রতিকার এবং বিএলআরআই এর প্রতিবছর উদ্ভাবিত নতুন প্রযুক্তি সম্পর্কে তথ্য দেওয়ার ব্যাবস্থা সংযোজন করা হয়েছে। নেপিয়ার, এন্ড্রোপোগন, স্প্লেনডিডা, রোজী, জাম্বু, গিনি, সিগনাল, জার্মান, দল, পারা, ভুট্টা, কাউপি, ওট এবং ট্রিটিক্যালিসহ অন্যান্য উচ্চ ফলনশীল ঘাসগুলোর সাধারণ পরিচিতি, চাষের সময়, জমির প্রকৃতি, চাষ পদ্ধতি, সার প্রয়োগ, সেচ, ঘাস কাটার সময়, কাটিং সংখ্যা এবং প্রতি কেজি কাঁচা ঘাসের পুষ্টিমান সম্পর্কে তথ্য সংযোজন করা হয়েছে। গরু মোটাতাজাকরণের জন্য বিএলআরআই উদ্ভাবিত প্রযুক্তি প্রাণীপালন পদ্ধতি অপশনের মাধ্যমে ব্যবহারকারীরা সহজে জানতে পারবে। প্রাণীর খাদ্য প্রক্রিয়াজাতকরণের বিভিন্ন পদ্ধতি যেমন- দেশীয় পদ্ধতিতে সবুজ ঘাস সংরক্ষণ প্রযুক্তি, বর্ষাকালে ভেজা খড় সংরক্ষণ প্রযুক্তি, ইউরিয়া মোলাসেস ব্লক উৎপাদন প্রযুক্তি এবং ইউরিয়া মোলাসেস স্ট্র তৈরি পদ্ধতি সম্পর্কে অ্যাপ্লিকেশনটি খামারীদের মৌলিক ধারণা দিতে পারবে। এছাড়া গবাদি প্রাণীর সাধারণ জীবাণুঘটিত রোগ যেমন তড়কা, বাদলা, গলাফুলা, ধনুষ্টঙ্কার, গাভীর সংক্রামক গর্ভপাত, যক্ষা, ক্ষুরারোগ, নিউমোনিয়া, পা পঁচা; পরজীবি বা কৃমিজনিত রোগ যেমন কলিজা কৃমি, রুমেন কৃমি, গোল কৃমি; চামড়ার রোগ

যেমন কাঁধে ঘা, উঁকুন, আঠালী ও মাইটের আক্রমণ; গাভীর রোগ যেমন ওলান প্রদাহ বা ম্যাস্টাইটিস, দুগ্ধ জ্বর, কিটোসিস, জরায়ুতে পুঁজ, পেট ফাঁপা; বাছুরের রোগ যেমন বাছুরের সাদা উদরাময়, রক্ত আমাশয়, কাফ ডিফথোরিয়া রোগ সমূহের সাধারণ তথ্য, প্রচলিত নাম, রোগের কারণ, রোগের লক্ষণ, রোগের চিকিৎসা এবং প্রতিকার সম্পর্কিত তথ্য খামারীরা সহজে পেতে পারবে। বিএলআরআই কর্তৃক আবিষ্কৃত নতুন প্রযুক্তি সমূহ অপশনের মাধ্যমে খামারীরা প্রতি বছর বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত নতুন প্রযুক্তি সম্পর্কিত তথ্য জানতে পারবে। এতে গবেষণাগারে উদ্ভাবিত তথ্য সহজে খামারী বা সম্প্রসারণ কর্মী



(১) বই অপশনটি নির্বাচন করতে হবে


(২) বিষয়ভিত্তিক তথ্যের জন্য বিষয় নির্বাচন করুন




(৩) স্লাইডিং এর মাধ্যমে বইটি পড়া যাবে


জানতে পারবে এবং গবেষণায় উদ্ভাবিত দিক নির্দেশনার মাধ্যমে গবাদি প্রাণী পালন করে অধিক লাভবান হবে। আগে তথ্যের জন্য খামারীদের বিএলআরআই এসে সঠিক পদ্ধতিতে আবেদনের মাধ্যমে তথ্য সেবা পেতে হতো যা কিছুটা সময় এবং কষ্ট সাপেক্ষ ছিল। মোবাইল অ্যাপ্লিকেশনটি বিএলআরআই এর তথ্য ও সেবা সহজে খামারীদের দোর গোড়ায় পৌঁছে দিতে পারবে।

## জরুরি যোগাযোগ

এই অপশনটি খামারী ও বিজ্ঞানীদের মাঝে সেতুবন্ধনের কাজ করবে। এই অপশনটির মাধ্যমে বিএলআরআই এ কর্মরত বিজ্ঞানীদের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সহজেই খামারীরা পেয়ে যাবে এবং খামারের বিভিন্ন সমস্যা সম্পর্কিত বিষয় নিয়ে বিজ্ঞানীদের সাথে আলোচনা করতে পারবেন এবং খামারে উদ্ভূত সমস্যার তাৎক্ষনিক সমাধান করতে পারবে।




(১) জরুরী যোগাযোগ অপশনটি
নির্বাচন করতে হবে



(২) সমস্যা বিষয়ভিত্তিক বিভাগ
নির্বাচন করুন



(৩) ইন্টারনেট সংযোগ সাপেক্ষে বিজ্ঞানীদের তথ্য পাওয়া যাবে

উৎস্য ঃ এ মোবাইল অ্যাপসটি বিএলআরআই এর ওয়েবসাইট (www.blri.gov.bd) এবং গুগুল প্লে-স্টোর এ BLRI FeedMaster নামে পাওয়া যাবে।

## উপসংহার

দেশে দুধ ও মাংসের উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে এবং সরকারের শ্বেতবিপ্লব পরিকল্পনা বাস্তবায়নে এই অ্যাপ্লিকেশনটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে। এটি একটি ডিজিটাল পরামর্শক হিসেবে কাজ করতে সক্ষম যা খামারী এবং সম্প্রসারণ কর্মকর্তাদের গবাদি প্রাণী পালনে বিভিন্ন উদ্ভুত সমস্যার তাৎক্ষণিক সমাধানের পাশাপাশি বৈজ্ঞানিক পদ্ধতিতে গবাদি প্রাণী পালন খামারীদের দোর গোড়ায় পৌঁছে দিতে পারে। এই অ্যাপ্লিকেশনের উন্নয়নের কাজ চলমান রয়েছে এবং খামারী পর্যায়ে এই অ্যাপ্লিকেশনটি ব্যবহারের ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে। বাংলাদেশে স্মার্ট-ফোনের ব্যাপক বিস্তার এই অ্যাপ্লিকেশনটিকে খামারীদের কাছে অধিক জনপ্রিয় করে তুলতে সক্ষম হচ্ছে। মোবাইল অ্যাপ্লিকেশনের ব্যবহারজনিত কোন সমস্যা সমাধানে উদ্ভাবক পরিচিতি অপশনে প্রদত্ত উদ্ভাবকদের স্বয়ংক্রিয় মোবাইল নম্বরে যোগাযোগ করার মাধ্যমে সমস্যা সমাধান করা যাবে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

BANGLADESH LIVESTOCK RESEARCH INSTITUTE